# এক নজরে ঠাকুরগাঁও সদর .

কন্টেন্ট: পাতা

ঠাকুরগাঁও সদর উপজেলা ২৫°৪০´ উত্তর অক্ষাংশ হতে ২৫°৫৯´ উত্তর অক্ষাংশের এবং ৮৮°১৫´ পূর্ব দ্রাঘিমা হতে ৮৮°২২´ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত। এই উপজেলাটির উত্তরে আটোয়ারী ও বোদা উপজেলা; দক্ষিণে পীরগঞ্জ ও বীরগঞ্জ উপজেলা; পূর্বে বোদা, দেবীগঞ্জ ও বীরগঞ্জ উপজেলা এবং পশ্চিমে বালিয়াডাঙ্গি ও রানীশংকাইল উপজেলা।

এ উপজেলায় সাঁওতাল, ওরাওঁ, মুন্ডা, মুসহোর, রাজবংশী প্রভৃতি আদিবাসী জনগোষ্ঠীর বসবাস রয়েছে।

ঠাকুরগাঁও থানা গঠিত হয় ১৮০০ সালে এবং থানাকে উপজেলায় রূপান্তর করা হয় ১৯৮৪ সালে।

প্রাচীন নিদর্শনাদি ও প্রত্নসম্পদ: গোবিন্দনগর মন্দির, জামালপুর জামে মসজিদ, কোরমখান গড়, বৃষমুর্তি (নরগুন কহরপাড়া), দেবীপুরের খুররম খাঁ পুকুর, গোবিন্দ জিউ মন্দির (অষ্টাদশ শতাব্দী), শাপলা ও পেয়ালা দীঘি।

মুক্তিযুদ্ধ: ১৯৭১ সালে পাকবাহিনী এ উপজেলায় ব্যাপক গণহত্যা অগ্নিসংযোগ ও লুটপাট চালায়। ভুল্লি, গড়েয়া ও সালন্দরে পাকবা ও মুক্তিযোদ্ধাদের সম্মুখযুদ্ধে বহুলোক নিহত হয়। উপজেলার সবদল ডাঙ্গা, বিডিআর ক্যাম্পে বধ্যভূমি এবং শুকান পুখুরী, ঝাটিডাঙ্গা, হাটের ব্রিজ, ফাড়াবাড়ি এবং ঠাকুরগাঁও শহরের টাংগন নদীর তীরে গণকবরের সন্ধান পাওয়া গেছে।

প্রধান কৃষি ফসল: ধান, গম, আলু, আখ, পাট, ডাল, সরিষা, শাকসবজি।

শিল্প ও কলকারখানা: সুগারমিল, স’মিল, রাইসমিল, ফ্লাওয়ারমিল, অয়েলমিল, টেক্সটাইল মিল, আইসক্রিম ফ্যাক্টরি, পাইপ ফ্যাক্টরি, কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ, কোল্ডস্টোরেজ, রেশম শিল্প।

কুটিরশিল্প: স্বর্ণশিল্প, লৌহশিল্প, তাঁতশিল্প, মৃৎশিল্প, পাট জাত দ্রব্য, বাঁশের কাজ, কাঠের কাজ।

হাটবাজার ও মেলা: গড়েয়া হাট, ভুল্লি হাট, শিবগঞ্জ হাট, রামনাথ হাট, খোচাবাড়ি হাট, ফাড়াবাড়ি হাট ও চৌধুরী হাট এবং বড়ধাম মেলা, রুহিয়া মেলা ও মুক্তার মেলা উল্লেখযোগ্য।